গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রাজবাড়ী সদর, রাজবাড়ী।
www.sadar.rajbari.gov.bd

## রাজবাড়ী সদর উপজেলার জুন/ ২০২২ মাসের আইন শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : মার্জিয়া সুলতানা
উপজেলা নির্বাহী অফিসার
রাজবাড়ী সদর, রাজবাড়ী।

তারিখ : ১৩/০৬/২০২২ খ্রি:।

সময় সকাল ১১.০০ ঘটিকা।

স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন।

**সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।**

সভাপতি উপস্থিত সম্মানিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সকলকে সামাজিক দূরত্ব বজায় রেখে ও বাধ্যতামূলক মাস্ক ব্যবহার করার আহবান জানান।

০২. **বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন :** বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। এপ্রিল/২০২২ ও মে/২০২২ মাসের তুলনামূলক অপরাধ চিত্র সভায় পর্যালোচনা করা হয়।

০৩. **উপজেলার অপরাধ প্রবণতা :** মার্চ/২০২২ ও এপ্রিল/২০২২ মাসের তুলনামূলক অপরাধ চিত্র নিম্নের ছকে দেখানো হলো :

| মাসের নাম | খুন | ধর্ষণ | ডাকাতি/ রাহাজানি | চুরি | বিশেষ ক্ষমতা | অস্ত্র উদ্ধার | জুয়া আইনে | নারী ও শিশু নির্যাতন | প্রতারণা / মানবপাচার মামলা | মাদক মামলা | বিস্ফোরক মামলা | সড়ক দুর্ঘটনা | অন্যান্য | মোট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| মে/২০২২ | ০১ | - | - | ০৪ | - | - | - | ০৭ | - | ২২ | - | ০১ | ২২ | ৫৭ | |
| এপ্রিল/২০২২ | ০১ | - | - | ৩ | - | - | - | ০২ | - | ১৯ | - | - | ২৪ | ৪৯ | |
| | স্থাত | - | - | স্থাত | হ্রাস | - | - | হ্রাস | - | বৃদ্ধি | - | - | বৃদ্ধি | হ্রাস | |

উক্ত তুলনামূলক তথ্যাদি পর্যালোচনায় দেখা যায়, এপ্রিল/২০২২ মাসে খুন-১টি, চুরি- ০৩টি, নারী ও শিশু নির্যাতন অপরাধ-০২টি, মাদক মামলা -১৯ টি ও অন্যান্য-২৪টিসহ মোট ৪৯টি ও মে/২০২২ মাসে খুন-১টি, চুরি- ০৪টি, নারী ও শিশু নির্যাতন অপরাধ-০৭টি, মাদক মামলা -২২ টি, সড়ক দুর্ঘটনা ১টি ও অন্যান্য-২২টিসহ মোট ৫৭টি অপরাধ সংঘটিত হয়েছে। উপজেলার সার্বিক অপরাধ প্রবণতা এপ্রিল/২০২২ মাসের তুলনায় মে/২০২২ মাসে বৃদ্ধি পেয়েছে।

**সিদ্ধান্ত :** রাজবাড়ী সদর উপজেলার সার্বিক অপরাধ পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার লক্ষ্যে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণে তৎপর হতে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে অনুরোধ করা হলো।

**বাস্তবায়নে :** অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা।

০৪. **মাদক বিরোধী অভিযান :** সহকারী পরিচালক, মাদক নিয়ন্ত্রন অধিদপ্তর, রাজবাড়ী এর প্রতিনিধি সভাকে জানান যে, মে/২০২২ মাসে ৬৩টি অভিযান পরিচালনা করা হয়েছে। মামলা সংখ্যা-২৯, আসামী ৬৩জন, উদ্ধারকৃত মাদক হেরোইন-.২৫ গ্রাম, গাজা ১কেজি ২৪৫ গ্রাম, ইয়াবা-৫৯৭ পিচ, টাফেন্ডা ১৭০পিচ। মাদক নিয়ন্ত্রনের লক্ষ্যে অভিযান অব্যাহত আছে। সমাজ থেকে মাদক নিয়ন্ত্রণ করতে হলে পরিবারিক সচেতনতা বৃদ্ধিসহ সামাজিক প্রতিরোধ গড়ে তুলতে হবে।

**সিদ্ধান্ত :** রাজবাড়ী সদর উপজেলার মাদক ক্রয়-বিক্রয় এর স্পটসমূহ চিহ্নিত ও মাদকের গডফাদারদেরকে গ্রেফতার করে আইনের আওতায় আনার লক্ষ্যে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, পুলিশ বিভাগ, র‌্যাব এবং স্থানীয় প্রশাসনের যৌথ উদ্যোগে নিয়মিত অভিযান পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নে :** অফিসার-ইন-চার্জ, রাজবাড়ী থানা, সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, রাজবাড়ী সার্কেল ও সকল ইউ,পি চেয়ারম্যান।

০৫. **উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি ও সংশ্লিষ্ট সকল বিষয় নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত:**

সভাপতি অপরাধ চিত্র পর্যালোচনা করে বলেন যে, চলতি মাসে অপরাধ প্রবণতা কিছুটা বৃদ্ধি পেয়েছে। অত:পর উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি ও উপস্থিত সকল সদস্য/সুধীজনের বক্তব্য ও মতামতের আলোকে নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৬.১ | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী এর প্রতিনিধি সভায় বক্তব্য প্রদান করেন। তিনি জানান, জাটকা আহরণ বন্ধের লক্ষ্যে মে/২২ মাসে ১টি অভিযান পরিচালনা করে মাটিপাড়া বাজার থেকে ২ কেজি জাটকা উদ্ধার করা হয়েছে। উড়াকান্দা এলাকায় নদীতে অভিযান পরিচালনা করে বাঁধ অপসারণ করা হলেও পুনরায় বাঁধ নির্মাণ করা হয়েছে। বিষয়টির উপর বিস্তারিত আলোচনা হয় এবং চেয়ারম্যান, বরাট ইউনিয়ন পরিষদকে প্রাথমিকভাবে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | অবৈধ বাঁধ নির্মাণকারীদের তালিকা তৈরীপূর্বক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা, রাজবাড়ী সদর ও চেয়ারম্যান বরাট ইউনিয়ন পরিষদ |

| | | | |
|---|---|---|---|
| ৬.২ | উপজেলা আনসার ভিডিপি অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় জানান যে, কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ইউনিয়ন পরিষদের বিভিন্ন সভায় যথাসময়ে উপস্থিত হওয়ার জন্য আনসার ও ভিডিপি সদস্যদের নির্দেশনা প্রদান করা হয়েছে। | আনসার ও ভিডিপি সদস্যদের ইউনিয়ন পরিষদের সভায় উপস্থিত থাকার বিষয়টি নিয়মিত তদারকি করতে হবে। | আনসার ও ভিডিপি অফিসার, রাজবাড়ী সদর। |
| ৬.৩ | অধ্যক্ষ, রাজবাড়ী সরকারি আদর্শ মহিলা হোসেন কলেজ, রাজবাড়ী সদর এর প্রতিনিধি সভায় জানান যে, কলেজ চলাকালীন পুলিশী টহল প্রদান করায় কলেজ এলাকায় কোন বহিরাগত প্রবেশ করছে না। এতে ইভটিজিং বন্ধ হয়েছে। কলেজের সামনে রাস্তায় গতিরোধক বা জেব্রাক্রসিং প্রদান করা হলে ছাত্রীরা রিাপদে রাস্তা পার হতে পারবেন। | রাস্তার যে সকল স্থানে জেব্রা ক্রসিং প্রয়োজন তা চিহ্নিত করতে হবে। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |
| ৬.৪ | জনাব নাসরিন আক্তার, উপজেলা শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী জানান যে, রাজবাড়ী সদর উপজেলায় বঙ্গবন্ধু ও বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট/২০২২ আরম্ভ হয়েছে। সভাপতি জানান যে, বঙ্গবন্ধু ও বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট বিশ্বের মধ্যে সর্ব বৃহত খেলা। খেলা সফল বাস্তবায়নে সকলের সার্বিক সহযোগিতা প্রয়োজন। | নীতিমালার আলোকে খেলা পরিচালনা করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর |
| ৬.৫ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজবাড়ী সদর এর প্রতিনিধি সভায় জানান যে, সকলের সার্বিক সহযোগিতায় ২২ হাজার বুষ্টার ডোজ টিকা প্রদান করা হয়েছে। বুষ্টার ডোজের কিছু টিকা কম পরেছে। বাদপরা ব্যক্তিদের দ্রুত বুষ্টার ডোজের টিকা প্রদান করা হবে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক। | টিকা প্রদানের কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, রাজবাড়ী সদর |
| ৬.৬ | উপজেলা সমাজসেবা অফিসার, রাজবাড়ী সদর সভায় জানান যে, নতুন ৩৬৪ জন কে বয়স্ক ভাতার তালিকায় অন্তভূক্ত করা হবে। কয়েকটি ইউনিয়ন হতে তালিকা না পাওয়ার কারণে চুড়ান্ত তালিকা তৈরী করা সম্ভব হচ্ছে না। তিনি আরো জানান যে, বিকাশ প্রতারকগণ অনেক ভাতাভোগীদের নিকট মোবাইল করে পিন নাম্বার চাচ্ছেন। ভাতাভোগীরা কাউকে পিন নাম্বার প্রদান না করে সে বিষয়ে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের অনুরোধ জানান। আন্যান্য কার্যক্রম স্বাভাবিক। | ভাতা ভোগীদের বাছাই কাজ যথাযথভাবে সমাপ্ত ও বিকাশ প্রতারণার বিষয়ে ভাতাভোগীদের সচেতন করতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার, রাজবাড়ী সদর ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ |
| ৬.৭ | জনাব তসলিম উদ্দিন, সাধারণ সম্পাদক, জেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি, রাজবাড়ী সভা কে জানান যে, রাজবাড়ী স্টেশর রোড, খলিফা পট্রি এলাকায় রাস্তার উপর মটর সাইকেল রাখার কারণে যানযটের সৃষ্টি হচ্ছে। স্টেশর রোড, খলিফা পট্রি এলাকায় যানযট নিরসন করা প্রয়োজন। | স্টেশর রোড, খলিফা পট্রি এলাকা যানযট মুক্ত করতে হবে। | অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা |
| ৬.৮ | রাজবাড়ী প্রেস ক্লাবের প্রতিনিধি সাংবাদিক খোন্দঃ রবিউল ইসলাম জানান যে, রাজবাড়ী শহরের মার্কেটসমূহের সামনে পর্যাপ্ত জায়গা না রাখার কারণে যানযটের সৃষ্টি হচ্ছে। রাজবাড়ী জেলার আন্দার মানিক এলাকায় নিয়মিত মাদক বেচাকেনা হয়। খানগঞ্জ এলাকার পাশার মার্কেট এর সামনে বৈধভাবে মাটি কাটা হচ্ছে। পরিবেশের ভারসাম্য রক্ষার লক্ষ্যে মাটিকাটা বন্ধ ও মাদকমুক্ত সমাজ গঠনের লক্ষ্যে মাদক বিক্রেতা ও ক্রেতার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। | অবৈধভাবে মাটি কাটা ও মাদক ক্রয় বিক্রয় বন্ধ করতে হবে। | অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা |
| ৬.৯ | জনাব মোঃ আব্দুর রব, চেয়ারম্যান, চন্দনী ইউনিয়ন পরিষদ জানান যে, এলাকার আইন-শৃঙ্খলা স্বাভাবিক আছে। ইউনিয়নটি রাজবাড়ী কুষ্টিয়া সড়কের পাশে হওয়ায় সড়ক দুর্ঘটনা বৃদ্ধি পেয়েছে। রাস্তায় গতিরোধক নির্মাণ করা হলেও কোন চিহ্নিত করা হয় নাই। বিট পুলিশের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা নিয়মিত এলাকায় উপস্থিত হলে আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণের ধারা অব্যাহত থাকবে। | গতিরোধক চিহ্নিত করণ ও বিট পুলিশিং কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | সড়ক ও জনপথ বিভাগ, অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা |
| ৬.১০ | জনাব কাজী সামসুদ্দিন, চেয়ারম্যান, বরাট ইউনিয়ন পরিষদ জানান যে, আন্ধার মানিক এলাকাটি গোয়ালন্দ উপজেলায় হওয়ার কারণে রাজবাড়ী সদর উপজেলার পুলিশী অভিযান হয় না। রাজবাড়ী সদর উপজেলার পুলিশ ও গোয়ালন্দ উপজেলার পুলিশ যৌথভাবে অভিযান পরিচালনা করলে মাদক সেবক ও বিক্রয়কারীদের গ্রেফতার করা সম্ভব হবে। | রাজবাড়ী সদর উপজেলার পুলিশ ও গোয়ালন্দ উপজেলার পুলিশ যৌথভাবে অভিযান পরিচালনা করতে হবে। | অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা |
| ৬.১১ | জনাব একেএম ইকবাল হোসেন, চেয়ারম্যান, খানখানাপুর ইউনিয়ন পরিষদ জানান যে, এলাকার আইন-শৃঙ্খলা স্বাভাবিক হলেও মাদকের কারণে যুব সমাজ ধ্বংসের পথে। অনেক স্থানে দোকানের পাশে তাস খেলা হয়। তাস খেলার স্থান ও মাদক বিক্রয়ের স্পট গুলিতে নিয়মিত অভিযান পরিচালনা করতে হবে। পুলিশী টহলের ধারা অব্যাহত থাকলে আইন-শৃঙ্খলার নিয়ন্ত্রণে থাকবে। | জুয়া ও মাদকের বিরুদ্ধে অভিযান পুলিশী টহলের ধারা অব্যাহত রাখতে হবে। | অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা ও সহকারী পরিচালক মাদক নিয়ন্ত্রণ অধিদপ্তর, রাজবাড়ী। |
| ৬.১২ | জনাব মোঃ দেলোয়ার শেখ, চেয়ারম্যান, দাদশী ইউনিয়ন পরিষদ জানান যে, অবৈধ বিদ্যুৎ সংযোগ নিয়ে গায়েবি মসজিদের, রামচন্দ্রপুর ব্রীজের পাশে, ৭ নং ওয়ার্ডের বিভিন্ন স্থানে জুয়া খেলা হয়। আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রেণের ধারা অব্যাহত রাখার লক্ষ্যে তাস ও জুয়া খেলা বন্ধ করা প্রয়োজন। | তাস ও জুয়া খেলা বন্ধ করা হবে। | অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা |

| | | | |
|---|---|---|---|
| ৬.১৩ | জনাব মোঃ নূর মোহাম্মদ ভূঁইয়া, চেয়ারম্যান, শহীদ ওহাবপুর ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, এলাকার ছেলেরা আলহাজ্ব নিজামউদ্দিন আহমেদ উচ্চ বিদ্যালয়ের ছাত্রীদের ইভটিজিং করে। পুলিশী টহল বৃদ্ধি করা হলে ইভটিজিং বন্ধ হবে। | শিক্ষা প্রতিষ্ঠানসমূহের এলাকায় পুলিশী টহল বৃদ্ধি করতে হবে। | অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা |
| ৬.১৪ | বীর মুক্তিযোদ্ধা, জনাব আ: জলিল, উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডার, রাজবাড়ী সদর সভায় জানান যে, প্রশাসনের সুন্দর ব্যবস্থাপনার কারনে আইন-শৃঙ্খলা স্বাভাবিক থাকায় মানুষ সুন্দর ও স্বাভাবিকভাবে ঈদ-উল ফিতর উদযাপন করতে পেরেছে। পুলিশী টহলের ধারা অব্যাহত থাকলে আগামী মাসে অনুষ্ঠিতব্য ঈদুল আযহায় মানুষ সুন্দর ও স্বাভাবিকভাবে চলাচল করতে পারবে। হেলমেট ছাড়া ও বেপরোয়া গতিতে মটর সাইকেল চালানোর কারণে দুর্ঘটনা হচ্ছে। এদের বিরুদ্ধে অভিযান পরিচালনা করা হলে সড়ক দুর্ঘটনা রোধ করা সম্ভব হবে। তিনি ঢাকনা বিহীন বালুর ট্রাক চলাচল নিয়ন্ত্রণে রাখার লক্ষ্যে ব্যবস্থা নিতে আইন শৃঙ্খলা বাহিনীকে অনুরোধ করেন। | হেলমেট ছাড়া ও বেপরোয়া গতিতে মটর সাইকেল চালক ও ঢাকনা বিহীন বালুর ট্রাক চলাচল নিয়ন্ত্রণে রাখাতে হবে। | অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা। |
| ৬.১৫ | জনাব আলেয়া বেগম, ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, রাজবাড়ী সদর সভাকে জানান যে, বাগমারা আইল্যান্ডের দুই পাশে সড়ক দুর্ঘটনা বৃদ্ধি পেয়েছে। আইল্যান্ডের দুই পাশে গতিরোধক নির্মাণ করা হলে দুর্ঘটনা রোধ হবে। তিনি আরো জানান যে, বাগমারা দক্ষিণপাড়া হতে মরজতকোল মাদ্রাসা পর্যন্ত জুয়া খেলা, মাদক সেবনকারী ও বিক্রয় বৃদ্ধি পেয়েছে। জুয়া খেলা, মাদক সেবনকারী ও বিক্রয়কারীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। | মাদক সেবী ও বিক্রয়কারীর বিরুদ্ধে ব্যবস্থা নিতে হবে। | অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ |
| ৬.১৬ | জনাব রকিবুল হাসান পিয়াল, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজবাড়ী সদর সভায় জানান যে, আমাদের প্রিয় নবী হযরত মোহাম্মদ (সঃ) এর বিরুদ্ধে ভারতের বিজেপি নেতা নূপুর শর্মা কর্তৃক কুটুক্তির প্রতিবাদে গত জুম্মার নামাজের পরে প্রতিবাদ মিছিল হলেও কোন অপ্রীতিকর ঘটনা ঘটে নাই। আগামী ২৫ তারিখ আমাদের স্বপ্নের পদ্মা সেতু মাননীয় প্রধানমন্ত্রী উদ্বোধন করবেন। উদ্বোধনের পূর্বেই দেশে বিভিন্ন স্থানে দুর্ঘটনা হয়েছে। আমাদের সতর্ক থাকতে হবে। রাজবাড়ী শহরের পাশে লোকো সেড এলাকায় মাদকের স্পট ছিল। প্রশাসনের সুযোগ্য নেতৃত্বের কারণে মাদক ব্যবসা ও সেবনের সাথে জড়িত ব্যক্তিদের অনেকে জেল হাজতে আছে। বর্তমানে লোকেসেড এলাকা মাদক মুক্ত হয়েছে। সামনে কোরবানির ঈদ। এ সময় অনেক মানুষ চলাছল করবে। পুলিশী টহলের ধারা অব্যাহত থাকলে ঈদুল আযহায় মানুষ সুন্দর ও স্বাভাবিকভাবে চলাচল করতে পারবে। | আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণের ধারা অব্যাহত রাখতে হবে ও মাদকের বিরুদ্ধে সামাজিক প্রতিরোধ গড়ে তুলতে হবে। | অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ |
| ৬.১৭ | সহকারী কমিশনার(ভূমি), রাজবাড়ী সদর সভায় জানান যে, রাজবাড়ী সদর উপজেলায় খানগঞ্জ ইউনিয়নের চরহাটবাড়িয়া মৌজায় অবৈধভাবে মাটি কাটার সংবাদ পাওয়ার সাথে সাথে চেয়ারম্যান এর সহযোগিতায় বন্ধ করা হয়েছে। বাল্য বিয়ের বিষয়ে সংবাদ পাওয়ার সাথে সাথে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। জমি সংক্রান্ত বিরোধ ও আইন-শৃঙ্খলা বিঘ্ন হতে পারে এ ধরণের বিষয়ে সরেজমিন উপস্থিত হয়ে ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। | অবৈধভাবে মাটি কাটার বিরুদ্ধে অভিযান অব্যাহত রাখতে হবে। | সহকারী কমিশনার(ভূমি) রাজবাড়ী সদর |
| ৬.১৮ | জনাব এ্যাডভোকেট ইমদাদুল হক বিশ্বাস, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজবাড়ী সদর সভায় বক্তব্য প্রদান করেন। তিনি জানান দক্ষ প্রশাসন ও জন প্রতিনিধিদের আন্তরিকতার কারণে রাজবাড়ী সদর উপজেলার আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণে আছে। ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ রেজিস্ট্রেশন বিহীন মটর সাইকেলের তালিকা থানায় জমা দিলে দ্রুত ব্যবস্থা গ্রহণে সহায়ক হবে। বাজারসমূহে সিসি ক্যামেরা স্থাপন করা হলে আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণের ধারা অব্যাহত থাকবে। বাল্য বিবাহ নিয়ন্ত্রণ ২০১৭, ২০১৮ পাশ হয়েছে। বাল্য বিয়ে নিয়ন্ত্রণে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের গুরুত্বপূর্ণ ভূমিকা আছে। | আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলার সকল কর্মকর্তা ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ |

০৭. অফিসার ইন চার্জ, রাজবাড়ী থানা জানান যে, রাজবাড়ী সদর উপজেলায় কর্মরত সকল কর্মকর্তা ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও সর্বস্থরের জনসাধারণের সার্বিক সহযোগিতার কারণে আইন শৃঙ্খলা নিয়ন্ত্রণে এসেছে। আন্ধার মানিক এলাকাটি গোয়ালন্দ উপজেলার মধ্যে হওয়ার কারণে মাদক সেবক ও বিক্রয়কারীদের বিরুদ্ধে অভিযান পরিচালনা করা সম্ভব হয়না। গোয়ালন্দ থানার সাথে যোগাযোগ করে অভিযান পরিচালনা করা হবে। পদ্মা সেতু উদ্বোধনকে কেন্দ্র করে নাশকতা হওয়ার সম্ভাবনা আছে। আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণে রাখতে সবাইকে সচেতন ও তৎপর থাকতে হবে। মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের জনবল কম থাকার কারণে কাংখিত সাফল্য অর্জন করতে পারছেনা। মাদক নিয়ন্ত্রণে আনতে সন্মিলিতভাবে সামাজিক প্রতিরোধ গড়ে তুলতে হবে। বাজার ও গুরুত্বপর্ণ স্থানে সিসি টিভি ক্যামেরা স্থাপন করা হলে আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণের ধারা অব্যাহত রাখা সম্ভব হবে।

সভাপতি পরিশেষে সম্পূর্ণ সভার সারমর্ম তুলে ধরেন। তিনি সভায় আইন-শৃঙ্খলা উন্নয়নের লক্ষ্যে গঠনমূলক আলোচনায় অংশগ্রহণের জন্য সকলকে ধন্যবাদ জানান। মাটি কাটা বন্ধ, ইভটিজিং, জাটকা নিধন ও মাদকের বিরুদ্ধে সামাজিকভাবে প্রতিবাদ, প্রতিরোধ ও সামাজিক সচেতনতা ও দায়বদ্ধতা বাড়াতে হবে। এলাকার সার্বিক

উন্নয়নে কর্মকর্তাদের সার্বিক বিষয়ে সহযোগিতা করতে হবে। এছাড়া তিনি সকলের সহযোগিতায় রাজবাড়ী সদরের আইন-শৃঙ্খলা পরিস্থিতি সুষ্ঠু ও সুন্দর রাখার প্রত্যাশা ব্যক্ত করেন।

**বিবিধ সিদ্ধান্ত :**

১) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ মাদকস্পট ও মাদক কারবারীর ঠিকানা উল্লেখ করে অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা বরাবর তালিকা দিবেন।

২) কাগজ বিহীন মটর সাইকেল ও লাইসেন্স বিহীন চালকের নাম সুনির্দিষ্ট ভাবে অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা বরাবর তালিকা দিবেন।

৩) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ স্ব স্ব এলাকার বাজারসমূহে সিসি ক্যামেরা স্থাপন ও রাতে পাহারা প্রদানের ব্যবস্থা গ্রহণ করবেন।

পরিশেষে আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

( মার্জিয়া সুলতানা ) 14/06/22
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
রাজবাড়ী সদর, রাজবাড়ী।
টেলিফোন নম্বর : ০২৪৭৮৮০৭৪৭৩
e-mail : unorajbari@mopa.gov.bd

স্মারক নং-০৫.৩০.৮২৭৬.০০০.০২.০০১.২২- ৫৪২(৪০) তারিখঃ ১৪/০৬/২০২২ খ্রি:।

অনুলিপি: সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

১। জনাব আলহাজ্ব কাজী কেরামত আলী
মাননীয় জাতীয় সংসদ সদস্য, রাজবাড়ী -১
ও মুখ্য উপদেষ্টা, উপজেলা আইন শৃঙ্খলা কমিটি, রাজবাড়ী সদর, রাজবাড়ী ।
০২। জেলা প্রশাসক, রাজবাড়ী ।
০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপদেষ্টা, উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি, রাজবাড়ী সদর,রাজবাড়ী।
অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :
০৪। সহকারী প্রোগ্রামার, রাজবাড়ী সদর, রাজবাড়ীকে উক্ত কার্যবিবরণী এ কার্যালয়ের ওয়েব পোর্টালে প্রদানের জন্য অনুরোধ করা হলো।
০৫-৩৫। ...................................................................... উপদেষ্টা/সদস্য, উপজেলা আইন শৃঙ্খলা কমিটি,রাজবাড়ী সদর,রাজবাড়ী ।

14/06/22
উপজেলা নির্বাহী অফিসার
রাজবাড়ী সদর, রাজবাড়ী ।